তারিখ 07 MAR 1987
পৃষ্ঠা 1 কলাম 4

দৈনিক ইত্তেফাক

ডকুমেন্টেশন কেন্দ্র

10

# আজ এসএসসি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (শনিবার) সারাদেশে চারিটি শিক্ষাবোর্ডের অধীনে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি) পরীক্ষা শুরু হইতেছে।

চলতি সালের মোট পরীক্ষার্থী ৩ লক্ষ ৬৬ হাজার ৫ শত ১৩। গত বছর ছিল ৩ লক্ষ ৬৯ হাজার ৯ শত ৪ জন। উল্লেখ্য, গত বছর পুরাতন ও নূতন এই দুই সিলেবাসে পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং পুরাতন সিলেবাসের ছাত্র-ছাত্রীদের জন্য ইহা শেষ সুযোগ ছিল। সারা দেশে

(২য় পৃঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

মোট ৫ শত ৮০টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। বিদেশে রহিয়াছে৮টি কেন্দ্র। তবে গত বছরের তুলনায় এই বছর তালিকাভুক্ত পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে দুই শতাংশেরও বেশী। গত বছর ছিল ১ লক্ষ ৮ হাজার ৫ শত ৯৫ জন এবং চলতি বছরে আছে ১ লক্ষ ১০ হাজার ৯ শত ২৪ জন।

দেশব্যাপী পরীক্ষা অনুষ্ঠানের জন্য শিক্ষামন্ত্রণালয় স্থাপিত ঢাকা বোর্ড কার্যলয়ের নিয়ন্ত্রণকক্ষ সূত্রে জানা গিয়াছে সর্বত্র সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের প্রস্তুতি সম্পন্ন হইয়াছে।

গত বছরের তুলনায় এবার ঢাকা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা সামান্য বেশী। গতবার ছিল ১ লক্ষ ১১ হাজার ৬ শত ৬০, এইবার ১ লক্ষ ১৩ হাজার ২ শত ৬০। এইবারে মোট মহিলা পরীক্ষার্থী ৩৬ হাজার ৫ শত ২৯ জন। মোট পরীক্ষার্থীদের ৫৪ হাজার ৩ শত ৫৭ জন বিজ্ঞান শাখার। কলা শাখায় ৫৮ হাজার ৯ শত ৩ জন। ঢাকা বাদে অন্য তিনটি বোর্ডেই পরীক্ষার্থী গতবারের তুলনায় কিছুটা কমিয়াছে। রাজশাহী বোর্ডের মোট পরীক্ষার্থী ৮৭ হাজাব ৫ শত ৭৩, গত বছর ছিল নব্বই হাজার ৪ শত ৮২। এইবারে মহিলা পরীক্ষার্থী ২৩ হাজার ৯ শত সত্তর। পরীক্ষা কেন্দ্র-১৫৩টি। কুমিল্লা বোর্ডের এইবারের পরীক্ষার্থী হইতেছে ৮৫ হাজার ৯ শত ৫ আর ১৯৮৬ সনে ছিল—৮৬ হাজার ৬ শত ৬৫। এইবারে মোট মহিলা পরীক্ষার্থী ২৬ হাজার ১ শত ৪৭। পরীক্ষা কেন্দ্র—১৪২টি।

আমাদের যশোর প্রতিনিধি টেলিফোনে জানান, এসএসসি পরীক্ষায় যশোর বোর্ডের অধীনে ১ শত ৫০টি কেন্দ্রে মোট ৭৯ হাজার ৭শত ৭৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করিতেছেন। গতবছর ছিল ৮০ হাজার ৯ শত ৭৪। ৫৫ হাজার ৪শত ৯৭ জন পুরুষ ও ২৪ হাজার ২ শত ৭৮ জন মহিলা পরীক্ষার্থী।

এই বছর আগের প্রতিবারের দীর্ঘ তিন সপ্তাহ কিংবা ততোধিক সময় পরীক্ষার সময়-সূচীকে পরিবর্তিত করিয়া দুই সপ্তাহ সময়কাল অর্থাৎ ২২শে মার্চের মধ্যে পরীক্ষা সমাপনের উদ্যোগ লওয়া হইয়াছে।

প্রতিবারের মত এবারও পরীক্ষা কেন্দ্রে দুইশত গজের মধ্যে ১৪৪ ধারা জারি করিয়া আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রহরায় রাখা হইয়াছে। জেলা প্রশাসনগুলিকে পরীক্ষা অনুষ্ঠানে সুষ্ঠু ব্যবস্থা করার জন্য শিক্ষা সচিব নির্দেশ দিয়াছেন। দেশব্যাপী সুষ্ঠু পরীক্ষা অনুষ্ঠানের জন্য ঢাকা বোর্ডে শিক্ষা মন্ত্রণালয় স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৫০৮৯৯৬। এইটি দিবারাত্রি সার্বক্ষণিক খোলা রাখার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। ঢাকা নগরীতে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা গতবারের সমান—৪১টি। কিন্তু মোট পরীক্ষার্থীর সংখ্যা বোর্ড কর্তৃপক্ষ জানাইতে সক্ষম হয় নাই।

এই বছরেও ঢাকায় পরীক্ষার্থীদের মধ্যে নগরী এলাকা হইতে মফস্বলে বিভিন্ন কেন্দ্রে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগের তদবির করার তৎপরতা পরিলক্ষিত হইতেছে।